



**UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)**

**ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)**

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২০ মার্চ ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা হত্যার প্রতিবাদে  
আগামীকাল সোমবার (২১ মার্চ) খাগড়াছড়ি জেলায় ইউপিডিএফ'র ডাকা  
আধাবেলা সড়ক অবরোধ সফল করার আহ্বান

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ রবিবার (২০ মার্চ ২০২২) সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আগামীকাল সোমবার (২১ মার্চ) খাগড়াছড়ি জেলায় আত্ম আধাবেলা সড়ক অবরোধ সফল করার জন্য সর্বস্তরের জনসাধারণের প্রতি আহ্বান জানিয়েছেন।

উল্লেখ্য, গত ১৫ মার্চ দীঘিনালায় সেনাবাহিনীর হেফাজতে ইউপিডিএফ নেতা নবায়ন চাকমা মিলন (সৌরভ)-কে হত্যা ও মহালছড়িতে পাহাড়িদের নির্মিত বাড়িঘরে অগ্নিসংযোগের প্রতিবাদে ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা ইউনিট ও তার সহযোগী সংগঠনসমূহ আগামীকাল ২১ মার্চ ২০২২, সোমবার ভোর ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত খাগড়াছড়ি জেলায় এই শান্তিপূর্ণ অবরোধের ডাক দিয়েছে।

সংবাদ মাধ্যমে দেয়া বিবৃতিতে অংগ্য মারমা নিহত নবায়ন চাকমা মিলন(সৌরভ)-এর প্রতি সম্মান ও শ্রদ্ধা জানিয়ে উক্ত শান্তিপূর্ণ অবরোধ কর্মসূচি সফল করতে জেলার সর্বস্তরের জনসাধারণ, বাস, ট্রাক, জীপ, সিএনজি, টমটম মালিক-চালক ও শ্রমিক সংগঠনসহ সংশ্লিষ্ট সকলের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন।

তবে জরুরী ফায়ার সার্ভিস, এম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি এই অবরোধের আওতামুক্ত থাকবে বলে তিনি বিবৃতিতে উল্লেখ করেছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।